বেভারিজ নিউজ-বাংলাদেশ

এপ্রিল থেকে জুন’ ২০১৪
সংখ্যা নং-২০

Sir William Beveridge Foundation

Beveridge News-Bangladesh

April to June’ 2014
No. 20

Board of Trustees (BOT) member visits Bangladesh office

৬ মে ২০১৪ তারিখ ফাউন্ডেশনের বোর্ড অব ট্রাস্টি সদস্য ডা. শবনম শাহনাজ বাংলাদেশ অফিস ভিজিট করেন। বাংলাদেশ অফিস এর হোমকেয়ার সার্ভিস ভিজিট করে তাঁর মূল্যবান মন্তব্য লিপিবদ্ধ করেন।

On May 06, 2014 Dr. Shabnam Shahnaz member BOT visited SWBF-BD. After her visit to the field, she left her impression recorded in our visitor’s book “I am touched, impressed & honored to be here today and experience the services being provided by the Foundation. I wish all the team members the best & thank them for their compassion, dedication & service for a very vulnerable group in the community i.e. the elderly & their families.”

Warm regards
Dr. Shabnam Shahnaz”

Dr. Shabnam Shahnaz with Staff at SWBF-BD

4-Day Training programme organised on Dementia & Elderly Care

হেল্পএইজ ইন্টারন্যাশনাল এবং বেভারিজ ফাউন্ডেশন এর যৌথ উদ্যোগে বিগত ২৫ জুন , ২০১৪ থেকে ২৮ জুন ২০১৪ তারিখ পর্যন্ত এসডব্লিউবিএফ কনফারেন্স রুমে এক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। অধিকাংশ প্রশিক্ষনার্থী এজিং সাপোর্ট ফোরাম এর সদস্য এবং তারা বয়স্কদের নিয়ে কাজ করেন। সফল প্রশিক্ষণ শেষে - সনদপত্র প্রদান অনুষ্ঠানে ফাউন্ডেশনের বাংলাদেশ প্রধান জীবন কানাই দাস এবং হেল্পএইজ ইন্টারন্যাশনাল এর এক্সিকিউটিভ ডাইরেক্টর মিস নির্ঝরিনী হাসান উপস্থিত থেকে সার্টিফিকেট প্রদান করেন।

HOB Jiban Kanai Das delivers his speech

The trainees and staff of SWBF-BD

SWBF conducted a training programme from 25th June’14 to 28th June’14 at the request of Helpage International. The participants came from the various disciplines, executive positions working for the aged persons. Seen in the picture are some of their activities….

Prof. Nezamuddin Ahmed delivering his speech on Palliative Care

The Medical Director with the Participants

Head of Dementia briefing on SWBF

Other resource persons delivering their speeches

Field visit with trainees

Discussion session

Group picture

Certificates distribution by Jiban Kanai Das & Nirjharinee Hasan

Dementia Awareness Campaign in Bangladesh (DACB)
Print Media Journalists in Workshop-1

প্রিন্ট মিডিয়া সাংবাদিকদের নিয়ে গত ২৯ এপ্রিল ২০১৪ তারিখ ফাউন্ডেশনের কনফারেন্স রুমে ডিমেনশিয়া রোগ এবং ডিএসিবি-র কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় এবং সারা দেশে আমাদের এই তথ্য প্রচারের জন্য তাদের অনুরোধ জানানো হয় ।

HOB discusses about Dementia with Print Media Journalists

DACB team with Print Media Journalists

DACB team held on 29 April 2014 a periodical briefing with Print Media Journalists in the conference room of SWBF for promotion of Dementia associated issues for spreading the information nationwide.

Volunteers' Programme- Group 2

HOB discuss about Dementia with Volunteers

ফাউন্ডেশনের ডিএসিবি প্রকল্পের উদ্যোগে ৭ জুন ২০১৪ তারিখ ভলান্টিয়ারস গ্রুপ-২ প্রোগ্রাম এর আয়োজন করা হয়। এ সময় বাংলাদেশের ১৮ টি জেলা থেকে সাংবাদিক, সরকারি-বেসরকারি চাকুরিজীবী, সমাজসেবক ইত্যাদি পেশার মোট ১৮ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। উপস্থিত সকলের মাঝে ডিমেনশিয়া রোগ সম্পর্কে বিস্তারিতভাবে ধারাবাহিক আলোচনা করেন- এইচডি-রাশেদ সোহরাওয়ার্দী, এমডি- ডা. শাহেলা হোসাইন এবং এইচওবি- জীবন কানাই দাস। সম্মানিত সেচ্ছাসেবকগণ নিজ নিজ জেলার ইউনিয়ন পর্যায় পর্যন্ত ডিএসিবি-র বক্তব্য প্রচারের প্রত্যয় ব্যক্ত করেন।

Volunteer's Programme-2 was conducted under programme of DACB in the venue of SWBF conference room on 7 June'14 at 10 am to 5 pm where the delegates of Eighteen persons from various disciplines and districts had attended this programme. It was to introduce the Dementia as a disease and raise awareness in the society to reach out to grass-root level of people in select districts.

The Medical Director delivers her speech

Discussion Session on Dementia Control & Prevention

ফাউন্ডেশন এবং ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির যৌথ উদ্যোগে ঢাকা শহরের ধানমন্ডি এবং কলাবাগান থানার ষাটোর্ধ সকল প্রবীন ব্যক্তির ডিমেনসিয়া বিষয়ক ম্যাপিং এর কার্যক্রম গ্রহণকরা হয়। এই কার্যক্রমের ধারাবাহিকতায় গত ৬ জুন ২০১৪ তারিখ ধানমন্ডি লেক এলাকায় ”ডিমেনশিয়া কন্ট্রোল এন্ড প্রিভেনশন” বিষয়ক এক উম্মুক্ত সভার আয়োজন করা হয়। সেখানে এইচওবি ডিমেনশিয়া এবং ফাউন্ডেশনের কার্যক্রম সংক্ষেপে তুলে ধরেন। এ ছাড়াও ড্যাফোডিল ইউনিভার্সিটির সম্মানিত উপাচার্যসহ অন্যান্য বক্তাগণ ডিমেনশিয়া সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এর পর প্রায় তিন শতাধিক ব্যক্তির মাঝে ডিমেনশিয়া লিফ্‌লেট বিতরণ করা হয়।

Presentation by HOB on DACB

Image of participants

A joint programme for mapping of dementia situation amongst persons of age 60 and above of Dhanmondi and Kalabagan Police stations was undertaken by SWBF and Daffodil International University on 6 June 2014. HOB and other eminent persons spoke, on Dementia – Control and Prevention. Later leaflets were also distributed amongst over 300 participants.

Visit from the office of DC Dhaka for auditing SWBF activities for 2013

ফাউন্ডেশনের সার্বিক বার্ষিক কার্যক্রম পর্যবেক্ষণ এবং মূল্যায়ন করার উদ্দ্যেশে গত ৫ জুন ২০১৪ তারিখ ঢাকা জেলা ডেপুটি কমিশনার এর কার্যালয় থেকে সম্মানিত মেজিস্ট্রেট জনাব তারিক হাসান ফাউন্ডেশন ভিজিট করতে আসেন। তিনি ফাউন্ডেশনের সার্বিক কর্মকান্ডে সন্তোষ প্রকাশ করেন।

Magistrate Tarik Hasan from the office of Deputy Commissioner, Dhaka visited SWBF on 5 June’14 to evaluate our annual activities and performances. He expressed satisfaction on the activities of SWBF for the year 2013.

Working for a better society

Bangladesh Dementia Action Alliance (BDAA)

৬ এপ্রিল ২০১৪ তারিখ ফাউন্ডেশন এর কনফারেন্স রুমে ‘ বাংলাদেশ ডিমেনশিয়া এ্যাকশন এ্যালায়েন্স’ (বিডিএএ) এর মিটিং অনুষ্ঠিত হয়। মিটিং এ হেল্পএইজ ইন্টারন্যাশনাল এবং আলঝাইমার সোসাইটি বাংলাদেশ এর প্রতিনিধিগণ সভায় উপস্থিত ছিলেন। আরও উপস্থিত ছিলেন আলঝাইমার বিষয়ক আর্ন্তজাতিক উপদেষ্টা অষ্ট্রেলিয়া নাগরিক ফ্র্যাঙ্ক শেপার এবং আলঝাইমার ডিজিজ ইন্টারন্যাশনালের এশিয়া প্যাসিফিক অঞ্চলের প্রধান ফ্রান্সিস ওয়ং। আলোচনা শেষে বিডিএএ গঠনে সম্মত হয়ে একটি সমঝোতা স্মারক সাক্ষর করা হয়।

Meeting held among the members of BDAA

On 6 April 2014, BDAA Alliance Meeting was held in SWBF conference room where participants from SWBF, HelpAge International & ASB and Frank Schaper from Australia & Francis Wong from Singapore. They exchange their views and opinions among them and an MOU was signed. HOB, MD, HD, Iqbal Hossain form Helpage and other were also attended the meeting.

Briefing by HOB at DC Dhaka office about Dementia

ফাউন্ডেশন এর বাংলাদেশ প্রধান মেজর জেনারেল জীবন কানাই দাস (অব:) কর্তৃক ১৫ মে ২০১৪ তারিখ ঢাকা ডেপুটি কমিশনার এর কার্যালয়ে ঢাকা জেলায় কর্মরত সকল এনজিও প্রতিনিধি সহ সম্মানিত ডেপুটি কমিশনার জনাব শেখ ইউসুফ হারুন এর উপস্থিতিতে ’ডিমেনশিয়া’ বিষয়ের উপরে ফাউন্ডেশন দ্বারা নির্মিত ফিলমটি প্রদর্শন শেষে ডিমেনশিয়ার উপর সংক্ষিপ্ত আলোকপাত করেন। সেখানে আরও উপস্থিত ছিলেন- এইচডি এবং কেয়ার সুপারভাইজার ফাতেমা আক্তার।

Following screening of a film on Dementia made by SWBF, HOB had given a presentation about Dementia and associated disease in the meeting of NGO's and chaired by the Deputy Commissioner Sheikh Yousuf Harun on 15th May in the Conference room of DC Dhaka.

HOB and Care Supervisor Fatema Aktar seen with Deputy Commissioner

Working for a better society

Chair: Michael O'Keefe, Executive Director: Rahman Jilani Ph.D. Registered charity: 1116923, Bangladesh NGO Bureau Reg. no 2262

Observance of UN World Elder Abuse Awareness Day

ফাউন্ডেশন এইজ ডিমান্ড এ্যাকশনস্ আয়োজিত ”ইউএন ওয়ালর্ড এল্ডার এবিউস এ্যাওয়ারনেস ডে” উপলক্ষে ১৭ জুন ২০১৪ তারিখ এক সেমিনারে অংশগ্রহণ করে। প্রধান অতিথি ছিলেন আইন মন্ত্রণালয়ের যুগ্ম সচিব নাসরিন বেগম। ফেরদৌস আরা বেগম Key-Note Paper উপস্থাপন করেন । অনুষ্ঠানটি সঞ্চালন করেন ফাউন্ডেশন এর বাংলাদেশ প্রধান মেজর জেনারেল জীবন কানাই দাস (অব:)।

HOB had been conducting the ADA programme

Images of participants

SWBF officials busy in activities

FREB organized a seminar on ‘Age Demands Actions’ on 17 June 2014 in the Press Club, Dhaka on the occasion of UN World Elder Abuse Awarness Day.’ Ms Narin Begum, Joint Secretary, Ministry of Law was the Chief Guest. Ms Ferdous Ara Begum presented the Key-Note Paper. HOB conducted the entire programme.

Bengali New Year 1421, celebration by 'ANKUR' school student

বিগত ১৪ এপ্রিল, ২০১৪ তারিখ ছিল বাংলা নববর্ষ- ১৪২১। দিবসটি - অংকুর স্কুলের ছাত্র-ছাত্রিগণ অত্যন্ত আনন্দঘন পরিবেশে উদ্‌যাপন করে। তারা এসো হে- বৈশাখ, গানটি সম্মিলিত কণ্ঠে গায়। দিবসটি উপলক্ষে কর্তৃপক্ষ ছাত্রছাত্রিদের জন্য পান্তা - ইলিশের আয়োজন করে।

Last, 14 April was the Bengali New Year - 1421. The day was celebrated by the ANKUR school students at a cheerful atmosphere. They invite the 'New Year' singing chorus-''Eso-ha-Baishakh.'' School authority arranged Panta - Ilish for the students.

Images of the ANKUR Students

স্বাস্থ্য সেবা (সেবা গ্রহণকারী)

- ফিজিওথ্যারাপি (বিশেষজ্ঞের পরামর্শ অনুযায়ী)
- ডায়াবেটিক চেক করা
- ব্লাড প্রেশার চেক করা
- ড্রেসিং/আনড্রেসিং করা (ডাক্তারের পরামর্শ অনুযায়ী)
- ক্যাথেটার সেটিং
- ঔষধ খাইয়ে দেয়া (ডাক্তার ও অভিভাবকের নির্দেশ অনুযায়ী)

গৃহস্থালির পরিচর্যা (সেবা গ্রহণকারী)

- বিছানা পত্র পরিপাটি করা
- কাপড় চোপড় গুছিয়ে রাখা
- বিছানার চাদর পরিবর্তন করা
- খাবার গরম করে দেয়া
- সেবা গ্রহীতার ঘর পরিষ্কার করা

ব্যক্তিগত পরিচর্যা (সেবা গ্রহণকারী)

- হাঁটা চলাতে সাহায্য করা
- ধরে ধরে হাঁটানো
- খাওয়া-দাওয়া করানো
- বিছানা থেকে ওঠানো
- বিছানায় নিয়ে শোয়ানো
- চুল ধুয়ে মুছে আঁচড়িয়ে দেয়া
- গোসল করানো/গা স্পঞ্জ করানো
- পোশাক পরিবর্তন করা
- হাত ও পায়ের নখ কেটে দেয়া
- দাঁত মেজে দেয়া
- টয়লেটিং-এ সাহায্য করা
- সেবা গ্রহণকারীকে সঙ্গ দেয়া

উল্লেখ্য: প্যালিয়েটিভ কেয়ার এবং আলঝাইমারস্ তথা ডিমেনশিয়া রোগে আক্রান্ত ব্যক্তিদের আমরা সেবা দিয়ে থাকি।

আমাদের সেবা পেতে যোগাযোগ করুন:

ফাতেমা আক্তার - ০১৭৩ ০০৫ ৭৪০৩, শিল্পী আক্তার - ০১৭৩ ০০৫ ৭৪০৭, সুখরঞ্জন বাড়ৈ - ০১৭৩ ০০৫ ৭৪০৮, তাসলিমা সুলতানা - ০১৭৩ ০০৫ ৭৪০২

Sir William Beveridge Foundation

Dhaka Office:
52/1, New Eskaton Road
Hasan Holdings (6th floor)
Dhaka 1000.
Bangladesh
Tel: 88 02 9353633
Fax: 88 02 9361500
E-mail: hob.swbf@hotmail.com

Sylhet Office:
Prantik 52
(2nd Floor)
Subid bazaar
Sylhet 3100.
Cell: 00 88 01733 222999